বিজিএমইএ/ব্যাংকিং/২০২৬/৩২৩ তারিখঃ ২৫ নভেম্বর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: কাপড়ের তৈরি খেলনা (ইনফেন্ট সফট টয়েজ) এবং Tents (তাঁবু) রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রসঙ্গে।

সূত্রঃ এফইপিডি-১ সার্কুলার পত্র নম্বর: ২৩ তারিখঃ ২৪/১১/২০২৬

সম্মানিত সদস্যবৃন্দ,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১ (এফইপিডি-১) কর্তৃক ২৪ নভেম্বর, ২০২৬ তারিখে জারিকৃত সূত্রোক্ত সার্কুলার পত্র নম্বর: ২৩-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সংশ্লিষ্ট সার্কুলারটির মূল নির্দেশনাবলি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিচে তুলে ধরা হলো:

নগদ সহায়তার প্রাপ্যতা: সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, বস্ত্রজাত সামগ্রী হিসেবে বিবেচনায় নিয়ে কাপড়ের তৈরি খেলনা (ইনফেন্ট সফট টয়েজ) এবং **Tents** (তাঁবু) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রযোজ্য হবে।

প্রযোজ্য হার ও ক্রমিক: এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্ববর্তী এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৭/২০২৬ (তারিখ: জুলাই ০৫, ২০২৬) এর সংযুক্ত 'পরিশিষ্ট-ক'-এ উল্লিখিত ছকের ১, ২ ও ৫ নং ক্রমিকে বর্ণিত নগদ সহায়তা প্রযোজ্য হবে।

বিশেষায়িত অঞ্চল ও বিদ্যমান নির্দেশনা পরিপালন: উক্ত পণ্যসমূহ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট সার্কুলারগুলোর বিদ্যমান নির্দেশনাসহ বিশেষায়িত অঞ্চলে (যেমন- ইপিজেড/অর্থনৈতিক অঞ্চল) অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে নগদ সহায়তা পরিশোধ সংক্রান্ত **এফই সার্কুলার নম্বর ৩৪, তারিখ: ১০, নভেম্বর ২০২১-এর নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করতে হবে।**

অন্যান্য শর্তাবলি: রপ্তানি প্রণোদনা বা নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/ সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি কার্যকর থাকবে।

উল্লেখ্য, এখন থেকে কাপড়ের তৈরি খেলনা (ইনফেন্ট সফট টয়েজ) এবং Tents (তাঁবু) রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রাপ্তিতে অন্তর্ভূক্ত হলো।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট পণ্য রপ্তানিকারক সকল সদস্য প্রতিষ্ঠানের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের উক্ত সার্কুলার পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মো: সাহেদুল ইসলাম (অব:)
মহাসচিব

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

CamScanner

ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার পত্র নম্বর: ২৩

তারিখ: অগ্রহায়ণ ৯, ১৪৩৩ / নভেম্বর ২৪, ২০২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

কাপড়ের তৈরি খেলনা (ইনফেন্ট সফট টয়েজ) এবং Tents (তাঁবু) রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৭, তারিখ: জুলাই ০৫, ২০২৬ ও এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৯, তারিখ: জুলাই ১২, ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, বস্ত্রজাত সামগ্রী বিবেচনায় কাপড়ের তৈরি খেলনা (ইনফেন্ট সফট টয়েজ) এবং Tents (তাঁবু) রপ্তানির বিপরীতে উপরোল্লিখিত এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৭/২০২৬ সংযুক্ত 'পরিশিষ্ট-ক'-এ উল্লিখিত ছকের ১, ২ ও ৫ নং ক্রমিকে বর্ণিত নগদ সহায়তা প্রযোজ্য হবে। এক্ষেত্রে আলোচ্য পণ্য রপ্তানির বিপরীতে প্রযোজ্য নগদ সহায়তা সংক্রান্ত সার্কুলারগুলোর বিদ্যমান নির্দেশনাসহ বিশেষায়িত অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে নগদ সহায়তা পরিশোধ সংশ্লিষ্ট এফই সার্কুলার নম্বর ৩৪, তারিখ নভেম্বর ১০, ২০২১-এর নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে।

০৩। রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি কার্যকর থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(নাসিমা সুলতানা)
পরিচালক (এফইপিডি-১)
ফোন : ৯৫৩০১২৩

CamScanner